

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৬৫৫

৭/ যাকাত (كتاب الزكاة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ নিকট আত্মীয়দের সাদাকা দেওয়া।

باب مَا جَاءَ فِي الصَّدَقَةِ عَلَى ذِي الْقَرَابَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ عَاصِمِ الْأَحْوَلِ، عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ، عَنِ الرَّيَّابِ، عَنْ عَمِّهَا، سَلْمَانَ بْنِ عَامِرٍ يَبْلُغُ بِهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " إِذَا أَفْطَرَ أَحَدُكُمْ فَلْيُفْطِرْ عَلَى تَمْرٍ فَإِنَّهُ بَرَكَةٌ فَإِنْ لَمْ يَجِدْ تَمْرًا فَالْمَاءُ فَإِنَّهُ طَهُورٌ " . وَقَالَ " الصَّدَقَةُ عَلَى الْمِسْكِينِ صَدَقَةٌ وَهِيَ عَلَى ذِي الرَّحِمِ ثِنْتَانِ صَدَقَةٌ وَصِلَةٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ زَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَجَابِرٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ سَلْمَانَ بْنِ عَامِرٍ حَدِيثٌ حَسَنٌ . وَالرَّيَّابُ هِيَ أُمُّ الرَّائِحِ بِنْتُ صُلَيْعٍ . وَهَكَذَا رَوَى سُفْيَانُ الثَّوْرِيُّ عَنْ عَاصِمٍ عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ عَنِ الرَّيَّابِ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَ هَذَا الْحَدِيثِ . وَرَوَى شُعْبَةُ عَنْ عَاصِمٍ عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ . وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنِ الرَّيَّابِ . وَحَدِيثُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَأَبْنِ عُيَيْنَةَ أَصَحُّ . وَهَكَذَا رَوَى ابْنُ عُوْنٍ وَهَشَامُ بْنُ حَسَّانَ عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ عَنِ الرَّيَّابِ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ .

বাংলা

৬৫৫. কুতায়বা (রহঃ) সালমান ইবনু আমির (রাঃ) থেকেও বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যখন ইফতার করে তখন সে যেন খেজুর দিয়ে ইফতার করে, কারণ এতে রয়েছে বরকত। খেজুর না পেলে পানি দিয়ে যেন ইফতার করো। কারণ তা পবিত্র। - যইফ, সঠিক হল রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কর্ম (নির্দেশ নয়), ইবনু মাজাহ ১৬৯৯

তিনি আরা বলেনঃ মিসকীনকে সাদাকা দিলে তা কেবল সাদাকাই, আর আত্মীয়কে দিলে তাতে রয়েছে দু'টি সাওয়াব। একটি সাদাকা এবং আরেকটি আত্মীয়তা রক্ষা। - সহিহ, ইবনু মাজাহ ১৮৪৪, তিরমিজী হাদিস নম্বরঃ

৬৫৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) এর স্ত্রী যায়নাব, জাবির এবং আবু হুরায়রা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবু ঈসা (রহঃ) বলেন, সালমান ইবনু আমির (রাঃ) বর্ণিত এই হাদিসটি হাসান। রাবী রাবাব (রহঃ) হলেন, সুলাইর কন্যা উম্মুর রায়েহ। এমনিভাবে সুফিয়ান সাওরী (রহঃ) ও সালমান ইবনু আমির (রাঃ) সূত্রে ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে উক্ত হাদীছের অনুরূপ বর্ণনা করেছেন। আর শু'বা (রহঃ) সালমান ইবনু আমির (রাঃ) থেকে বর্ণনা করেছেন। কিন্তু সনদে তিনি রাবী রাবাব-এর নাম উল্লেখ করেননি। সুফিয়ান সাওরী এবং ইবনু উআয়না (রহঃ) এর রিওয়াযাতটি অধিকতর সহীহ। ইবনু আওন এবং হিসাম ইবনু হাসসান (রহঃ) ও অনুরূপভাবে হাফসা বিনত সীরীন, রাবাব (রহঃ) সালমান ইবনু আমির (রাঃ) সূত্রে এটির বর্ণনা করেছেন।

English

Hafsah bint Sirin narrated from Ar-Rabab, from her uncle Salman bin Amir that he related that :
the Prophet said: "When one of you breaks his fast, then let him do so with dried dates, for they are blessed. Whoever does not find dates, then water, for it is purifying." And he said: "Charity given to the needy is (counted as) charity, and if it is given to relatives it is (counted as) two: charity and nurturing (the ties of kinship)."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সালমান ইবনু আমির আয্ যব্বী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17844>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন